



# Australian Muslim Welfare Centre

Registration No: INC 9888968

P.O Box 101, Macquarie Fields, NSW 2564, Australia

## পিএইচডি অর্জন

আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন লেখক, গবেষক ও সিড্নীর সুলে কলেজের (Sule College) সিনিয়র শিক্ষক আবু ওমর ফারুক আহমদ 'Law and Practice of Modern Islamic Finance in Australia' (অস্ট্রেলিয়ায় আধুনিক ইসলামিক ফাইন্যান্সের আইন ও তার প্রয়োগ) শীর্ষক অভিসন্দর্ভের জন্য সম্প্রতি অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিড্নী থেকে 'A' (হাই ডিস্টিংশন) গ্রেডে পিএইচডি অর্জন করেন। গত ২৪ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের বসন্তকালীন কনভোকেশনে তাঁকে এ ডিগ্রি প্রদান করা হয়। তাঁর গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিড্নীর আইন বিভাগের (School of Law) ফাউন্ডেশন প্রফেসর অধ্যাপক ড. রাজীন সাপ্পিডীন ও ড. এ. কে. এম. মাসুদ। তিনি তাঁর এ পিএইচডি গবেষণাকর্মের জন্য ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিড্নী পোস্ট গ্রাজুয়েট রিসার্চ 'এওয়ার্ড' (UWSPRA) লাভ করেন।

ড. ফারুক আহমদ ইতঃপূর্বে কৃতিত্বের সাথে অস্ট্রেলিয়ার ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিড্নী থেকে এল্ এল্ এম্ (অনার্স) এবং সউদী আরবের মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে শরীয়াহর উপর উচ্চতর 'লীসান্স' ডিগ্রি অর্জন করেন। এল্ এল্ এম্ অনার্সে তাঁর অভিসন্দর্ভের বিষয় ছিল 'Islamic Banking in Bangladesh' (বাংলাদেশে ইসলামী ব্যাংকিং)। তাঁর এল্ এল্ এম্ ও পিএইচডি অভিসন্দর্ভের অংশবিশেষ ইতোমধ্যেই বিভিন্ন আন্তর্জাতিক জার্নাল ও প্রসিডিংয়ে প্রকাশিত হয়েছে। ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্সের বিভিন্ন বিষয়ের উপর আন্তর্জাতিক জার্নাল ও প্রসিডিংয়ে এ যাবত প্রকাশিত ড. আহমদের গবেষণা প্রকাশনার সংখ্যা ত্রিশের কাছাকাছি। অন্যদিকে এশিয়া, ইউরোপ, আমেরিকা ও অস্ট্রেলিয়ার আন্তর্জাতিক ইসলামী ব্যাংকিং ও ফাইন্যান্স কনফারেন্সে তাঁর পঠিত গবেষণা প্রবন্ধের সংখ্যা দশের অধিক।

১৯৯৭ সালে স্ত্রী ও ৫ পুত্র-কন্যা সহ অস্ট্রেলিয়ায় পাড়ি জমানোর পূর্বে ড. ফারুক আহমদ খ্যাতনামা অনেক আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন। তিনি বাংলাদেশ ইসলামিক সেন্টার অফ নিউ সাউথ ওয়েলসের প্রথম ইমাম ও ইসলামিক এডভাইজারের দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি সিড্নীর অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের প্রেসিডেন্ট এবং ইসলামিক কো অপারেটভ ফাইন্যান্স অস্ট্রেলিয়া লিঃ-এর শরীয়াহ সুপারভাইজারী বোর্ডের চেয়ারম্যান। তিনি চট্টগ্রাম নিবাসী মরহুম মওলানা আবু তাহের মু. নাজের (গোল্ড মেডালিস্ট) ও মরহুমা জয়নাব বেগমের পুত্র এবং চট্টগ্রাম আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রো ভি.সি. প্রফেসর ড. আবু বকর রফীক আহমদের সহোদর। বিজ্ঞপ্তি